

## এডুকেশন ওয়াচের সেমিনারে বক্তরা বিদেশে উচ্চশিক্ষায় সহায়ক প্রতিষ্ঠানের জবাবদিহিতা নিশ্চিতকরণে কমিশন গঠন অপরিহার্য

বিদেশে উচ্চ শিক্ষায় সহায়ক প্রতিষ্ঠানের জবাবদিহিতা' শীর্ষক সেমিনারে বক্তরা বিদেশে উচ্চ শিক্ষায় সহায়ক প্রতিষ্ঠানের জবাবদিহিতা নিশ্চিতকরণে কমিশন গঠনের প্রস্তাব করেছেন। এ ধরনের প্রতিষ্ঠানগুলো একটি নীতিমালার মধ্যে আনতে পারলে এটি হতে পারে বৈদেশিক মুদ্রা অর্জনের স্ফাবনাময় একটি ক্ষেত্র। শনিবার কেন্দ্রীয় পাবলিক মাইগ্রেশন সেমিনার হলে মাসিক পত্রিকা এডুকেশন ওয়াচ ও উন্নয়ন সংস্থা এডুকেশন ওয়াচ বাংলাদেশের যৌথ উদ্যোগে এ সেমিনারের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এসএমএ ফয়েজ। এডুকেশন ওয়াচ বাংলাদেশের চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপাচার্য ড. আবুল হাসান মোঃ সাদেক, এডুকেশন ওয়াচ পত্রিকার উপদেষ্টা সম্পাদক প্রফেসর ড. হাবিবা হাতুন, ডেফেন্ডেন্স ফ্রন্টের চেয়ারম্যান মোঃ সব্ব্ব খান। এ প্রবন্ধ পাঠ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক এ.এন.এম সাদাতুজ্জামিন। বক্তব্য রাখেন এডুকেশন ওয়াচ পত্রিকার সম্পাদক ও প্রকাশক মোঃ খলিলুর রহমান।

প্রধান অতিথির বক্তব্য প্রফেসর ড.এস.এম.এ. ফয়েজ বলেন, উচ্চ শিক্ষার কোন সীমারেখা থাকা উচিত নয়। শিক্ষার্থীরা দেশ বা বিদেশে যেখানে থেকে ডিগ্রি গ্রহণ করুক না কেন, তা হতে হবে ব্যস্তবতার সাথে সঙ্গতিপূর্ণ। প্রধান আলোচকের বক্তব্যে ঢাবি শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রফেসর হোসনে আরা বেগম বলেন, শিক্ষার্থীর মেধা এবং কর্তব্যক্ষেত্রে চাহিদার ওপর উচ্চ শিক্ষার বিষয় নির্ধারণ করা উচিত।

আলোচনার অংশ নেন অনুষ্ঠানের মিডিয়া পার্টনার এসএনএনবিটি ডট কমের সম্পাদক ড. উৎপল কুমার সরকার, বিদেশে উচ্চ শিক্ষায় সহায়ক প্রতিষ্ঠানের পক্ষে এসএসবিসিএল ফ্রন্টের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক এস. তানুজ্জামান প্রমুখ।

বিদেশে উচ্চ শিক্ষায় শিক্ষার বিভিন্ন স্তর/ক্ষেত্রে অসামান্য অবদান রাখার ১৫ ব্যক্তি/প্রতিষ্ঠানের এডুকেশন ওয়াচ সন্মাননা প্রদান করে। শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী ১৬ জন ছুদে শিল্পীর সনদ প্রদান করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি